কুষ্টিয়া জেনারেল হাসপাতালে তিন দালালের কারাদণ্ড

কুষ্টিয়া জেনারেল হাসপাতালে অভিযান চালিয়েছে ভ্রাম্যমাণ আদালত। এ সময় আকুল আহমেদ (৩২), রফিকুল ইসলাম ও জাহাঙ্গীর আলম (৩৮) নামের তিন দালালকে আটক বিভিন্ন মেয়াদে কারাদণ্ড প্রদান করা হয়েছে। এদিকে অভিযান টের পেয়ে সটকে পড়ে হাসপাতালকে ঘিরে আশপাশে থাকা একাধিক দালাল চক্র।

রবিবার দুপুরে কুষ্টিয়া জেলা প্রশাসনের সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিষ্ট্রেট খাদিজা খাতুন ও র্যাব-১২ কুষ্টিয়া ক্যাম্পের কমান্ডার স্কোয়াড্রন লিডার ইলিয়াস খানের তত্ত্বাবধানে অভিযানটি পরিচালনা করা হয়।

দন্ডপ্রাপ্ত আকুল আহমেদ কুষ্টিয়ার ইবি থানার শংকরপুর এলাকার মৃত আতিয়ার রহমানের ছেলে, রফিকুল ইসলাম সদর উপজেলার মনজেল আলীর ছেলে ও জাহাঙ্গীর আলম সদর উপজেলা জুগিয়া এলাকার মৃত মহসিন ফকিরের ছেলে।

ভ্রাম্যমাণ আদালত সুত্রে জানা যায়, দীর্ঘদিন ধরে দালালদের উৎপাতে অতিষ্ঠ হয়ে উঠছিলেন রোগী ও তাদের স্বজনরা। প্রতিদিনই প্রতারিত হচ্ছিলেন বিভিন্ন গ্রাম থেকে আসা সহজ-সরল প্রকৃতির লোকজন। দালালদের খপ্পরে পড়ে অনেক রোগীর প্রাণহানির মতো ঘটনাও ঘটে। শহরের বিভিন্ন বেসরকারি ক্লিনিকের পৃষ্ঠপোষকতায় সক্রিয় এ দালাল চক্রটি।

কুষ্টিয়া জেলা প্রশাসনের সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিষ্ট্রেট খাদিজা খাতুন জানান, হাসপাতালে আগত রোগীদের সাথে প্রতারনা করার অভিযোগে তাদের আটক করা হয়। এসময় তারা দোষ স্বীকার করলে আকুল আহমেদ ও রফিকুল ইসলামকে ভোক্তা অধিকার সংরক্ষণ আইনে ২১ দিনের কারাদণ্ড এবং জাহাঙ্গীর আলমকে একই ধারায় ৭ দিনের কারাদণ্ড প্রদান করা হয়।

দর্শনা থানা পুলিশের পৃথক অভিযানে ফেনসিডিল ও চোলাই মদসহ ৪ জন গ্রেফতার

চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানা পুলিশ পৃথকভাবে অভিযান চালিয়ে ২৩ বোতল ফেনসিডিলসহ স্বামী স্তী এবং দুই লিটার চোলাই মদ সহ ৪ জনকে গ্রেফতার করেছে।

পুলিশ জানায় শনিবার বিকাল ৩ টার দিকে গোপন সংবাদের ভিত্তিতে দর্শনা থানার ওসি মাহাব্বুর রহমান কাজলের নেতৃত্ব এস.আই সুমন্ত বিশ্বাস, এ.এস.আই আনোয়ারুল, এ.এস.আই সিদ্দিক, এ.এস.আই নাসরিন এবং সঙ্গীয় ফোর্স নিয়ে দর্শনা থানাধীন প্রতাপপুর (পশ্চিম পাড়া) গ্রামের আঃ মজিদ এর বসত বাড়ির সন্নিকটে পাকা রাস্তার উপর থেকে ২৩ বোতল ফেনসিডিল সহ মাদক ব্যাবসায়ী শাহিন (৪০) পিতা মোঃ শামসুল আলম, মোছাঃ এলিমি খাতুন(৩৫) পিতা মোঃ শাহিন উভয়ই চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানার ঝাঝাডাঙ্গা গ্রামের বাসিন্দা। এ ঘটনায় এস আই সুমন্ত বিশ্বাস বাদি হয়ে ১৯৭৪ সালের মাদক আইনে মামলা দায়ের করেন।

অপর দিকে দুপুর ১২ টার দিকে এস.আই নাসির উদ্দীন এবং সঙ্গীয় ফোর্স নিয়ে দর্শনা থানাধীন দর্শনা টু জীবননগর হাইওয়ে রোড আকন্দবাড়ীয়া গ্রামের কেরু’জ জৈব সার কারখানার মোর পাকা রাস্তার উপর থেকে দুই লিটার চোলাই মদ সহ আসামি স্বপন (২২) ঢাকালী পাড়া গ্রামের ওয়ার্ড নং ৩ এর পিতা বষ্টি দাসের ছেলে, ২/ মোঃ মিজানুর রহমান (২৭) ঝিনাইদহ জেলার কালীগঞ্জের পিতা মোঃ তাহের মন্ডলের ছেলে। পুলিশ জানায় আটককৃত আসামীদের বিরুদ্ধে মাদকদ্রব্য আইনে মামলা দায়ের করা হয়েছে।

মেহেরপুরে প্যাথিডিনসহ আটক-১

মেহেরপুরে প্যাথেডিনসহ আশরাফুল (৪৫) নামের এক ব্যক্তিকে আটক করেছে মেহেরপুর জেলা গোয়েন্দা (ডিবি) পুলিশের একটি দল। শুক্রবার

সন্ধ্যায় শহরের ব্র্যাক অফিস এলাকায় অভিযান চালিয়ে তাকে আটক করা হয়।

আটক আশরাফুল রফে গেদে চুয়াডাঙ্গা সদর উপজেলার দৌলৎদিয়া গ্রামের মৃত মন্ডলের ছেলে। এসময় তার কাছ থেকে ৩টি Buprenorphine hydrochloride জাতীয় এ্যাম্পল (প্যাথিডিন) উদ্ধার করা হয়।

ডিবি পুলিশের ওসি জুলফিকার আলী জানান,মেহেরপুর পৌরসভাধীন ব্র্যাক অফিস এলাকায় মাদক নিয়ে অবস্থান করছে এমন গোপন সংবাদের ভিত্তিতি এসআই অজয় কুমার কুন্ডুর নেতৃত্বে এএসআই আহসান হাবীব, এএসআই হেলাল উদ্দিন, এএসআই মাহাতাব উদ্দিনসহ সঙ্গীয় ফোর্স নিয়ে ওই এলাকায় অভিযান চালিয়ে আশরাফুলকে আটক করা হয়।

এসময় তার কাছ থেকে Buprenorphine hydrochloride জাতীয় এ্যাম্পল (প্যাথিডিন) মাদক ও একটি ইজিবাইক উদ্ধার করা হয়। তার বিরুদ্ধে মেহেরপুর সদর থানায় একটি মাদক মামলার প্রস্তুতি চলছে।

সিটি ব্যাংকের এজেন্ট খাদেমুল কে হত্যার ঘটনায় গাংনী থানা পুলিশের প্রেস ব্রিফিং

মেহেরপুরের গাংনীর গাড়াডোব রাস্তায় ছিন্তাইকারীদের গুলিতে নিহত কোমরপুর সিটি ব্যাংকের এজেন্ট খাদেমুল ইসলাম (৩৫) হত্যা মামলার অন্যতম আসামী সুমন স্বীকারোক্তিমুলক জবানবন্দী দিয়েছেন বলে প্রেস প্রেস ব্রিফিং করেছে গাংনী থান পুলিশ।

শুক্রবার বেলা ১১ টার সময় গাংনী থানার ওসি বজলুর রহমান সাংবাদিকদের সাথে প্রেস ব্রিফিং করেন, এসময় ওসি বজলুর রহমান বলেন, বিভিন্ন স্থানের সিসিটিভির ফুটেজ সংগ্রহ করে সন্দেহাতীত ভাবে সুমনকে তার শশুরবাড়ি থেকে গত ২৮ আগস্ট আটক করে জিজ্ঞাসাবাদ করা হয়। দফায় দফায় জিজ্ঞাসাবাদে সুমন টাকা ছিন্তাইয়ের পরিকল্পনাসহ ছিন্তাইয়ের কৌশল এবং কারা এ ছিন্তাইয়ে জড়িত তার

বিশদ বর্ণনা দেয়।

সে অনুযায়ি ছিন্তাই কাছে ব্যবহৃত মোটর সাইকেল, হেলমেট ও ছিন্তাই কাজে ব্যবহৃত রিভলবারের গুলির খোসা উদ্ধার করা হয়। পুলিশ আরো জানায়, ছিনতাইয়ের ঘটনাটি হঠাৎ নয় বেশ কিছুদিনের পরিকল্পনা। ঘটনার ৫/৬ দিন আগে আমঝুপি নীল কুঠিতে ছিনতাইকারিরা একাধিকবার বৈঠক ও নকশা তৈরী করে এমন ঘটনা ঘটায় বলেও জানায় ওসি বজলুর রহমান।

বৃহষ্পতিবার সন্ধ্যায় মেহেরপুর চীফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট মোঃ শাহীন রেজার আদালতে সুমন জবানবন্দী প্রদান করেন। পরে তাকে জেল হাজতে প্রেরণ করা হয়। গ্রেপ্তারকৃত সুমন মেহেরপুর মুজিবনগর উপজেলার টুঙ্গী গোপালপুরের শমসের আলীর ছেলে।

প্রসঙ্গতঃ গত ২৬ আগস্ট সকালে কোমরপুর সিটি এজেন্ট ব্যাংকের ম্যানেজার খাদেমুল ইসলাম ৪৬ লাখ টাকা নিয়ে গাংনী আসার পথে গাড়াডোব রাস্তার ছিন্তাইকারীরা গুলি করে টাকার ব্যাগ ছিনিয়ে নেবার চেষ্টা করে ব্যর্থ হয়। গুলিবিদ্ধ খাদেমুল ইসলামকে প্রথমে গাংনী উপজেলা স্বাস্থ্যকমপ্লেক্সে ও পরে কুষ্টিয়া মেডিকেলে নেয়ার পথে তার মৃত্যু ঘটে। এ ঘটনায় খাদেমুলের ভাই আরফান আলী বাদী হয়ে গাংনী থানায় একটি হত্যা মামলা দায়ের করেন। যার নম্বর ২৭/২১ তাং ২৭/০৮/২০২১ ইং।

কোটচাঁদপুরে গৃহবধূর বিরুদ্ধে মিথ্যা অভিযোগের প্রতিবাদে সংঘর্ষ

ঝিনাইদহের কোটচাঁদপুর পল্লিতে এক গৃহবধূর বিরুদ্ধে মিথ্যা কুৎসা রটানোর প্রতিবাদে সংঘর্ষের ঘটনা ঘটেছে। এঘটনায় ৩ জন আহত হয়েছে। গত বুধবার উপজেলার হরিনদিয়া গ্রামে এঘটনা ঘটে। সংঘর্ষের ঘটনায় বৃহস্পতিবার কোটচাঁদপুর মডেল থানায় পাল্টাপাল্টি মামলা করেছে উভয়পক্ষ।

পরে পুলিশ দুই জনকে আটক করে জেল হাজতে পাঠিয়েছে। পুলিশ জানায়, গত বুধবার উপজেলার হরিনদিয়া গ্রামের প্রবাসী মকুর আলীর স্ত্রীর সঙ্গে একই এলাকার আব্দুস সালামের ছেলে সলেমানের অবৈধ সর্ম্পক আছে বলে অভিযোগ তুলে একই গ্রামের বদর উদ্দিনের ছেলে দুখু মোল্লা (৩৬)। বিষয়টি জানতে পেরে সলেমান স্থানীয় বাজারে দুখুর নিকট ঘটনার বিষয়ে জানতে চায়। এসময় দুখুর সঙ্গে সলেমানের বাক-বিতন্ডা হয়। এতে সলেমান দুখুকে চড়-থাপ্পড় মারে। খবর পেয়ে দুখুর পরিবারের লোকজন সলেমানের বাড়িতে যায়। এসময় আবারো তাদের মধ্যে কথা কাটাকাটি হয়। এক পর্যায়ে উভয় পক্ষ দেশীয় অস্ত্র নিয়ে সংঘর্ষে জড়িয়ে পড়ে। এতে প্রতিবেশী সহ তিন জন আহত হয়।

এঘটনায় গুরতর আহত সলেমানকে উপজেলা স্বাস্থ্যকমপ্লেক্সে নিয়ে আসলে উন্নত চিকিৎসার জন্য তাকে যশোর জেনারেল হাসপাতালে পাঠানো হয়। ঘটনার দিন সন্ধায় সলেমানের পিতা আব্দুস সালাম বাদী হয়ে কোটচাঁদপুর মডেল থানায় ৩ জনের নাম উল্ল্যেখ পূর্বক একটি মামলা দায়ের করেন। পরে পুলিশ অভিযান চালিয়ে হরিনদিয়া গ্রামের করম আলী সরদারের ছেলে আমিরুল ইসলাম ও একই এলাকার বদর উদ্দিনের ছেলে দুখু মোল্লা (৩৬ কে আটক করে। অপর আসামী তোফাজ্জেল হোসেনের ছেলে রাইদুল ইসলাম পলাতক রয়েছে।

কোটচাঁদপুর মডেল থানার ওসি (তদন্ত) ইমরান আলম ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, মারামারির ঘটনায় উভয় পক্ষ থেকে আলাদা মামলা হয়েছে। ইতোমধ্যে দুইজন কে আটক করা হয়েছে। এঘটনায় সঠিক তদন্ত পূর্বক আইনানুগ ব্যবস্থা গ্রহন করা হবে।

কালীগঞ্জে মাদক সহ দুই মাদক ব্যবসায়ী আটক

ঝিনাইদহের কালীগঞ্জে ফেনসিডিল ও গাজা সহ দুই মাদক ব্যবসায়ীকে আটক করেছে কালীগঞ্জ থানা পুলিশ। এসময় তাদের কাছ থেকে ৬২০ গ্রাম গাজা ও ২০ বোতল ফেনসিডিল উদ্ধার করা হয়েছে।

বৃহস্পতিবার দুপুরে কালীগঞ্জ পৌরসভার ইশ্বরবা গ্রাম থেকে গোপন

সংবাদের ভিত্তিতে এস আই জাকারিয়া হোসেন, এস আই আলআমিন সহ সঙ্গীয় ফোর্স অভিযান চালিয়ে মাদক ব্যবসায়ীদের আটক করেন।

আটককৃতরা হলেন- চৌগাছা উপজেলার কয়েরপাড়া গ্রামের মৃত শহিদুল ইসলামের ছেলে আসাদুল ইসলাম (২৮) ও মহেশপুর উপজেলার পুড়োপাড়া গ্রামের আমিনুর রহমানের ছেলে আলমগীর হোসেন (৩৩)।

কালীগঞ্জ থানার ওসি মুহা: মাহফুজুর রহমান মিয়া জানান, ফেন্সিডিল ও গাজা সহ দুই জনকে আটক করা হয়েছে, তাদের বিরুদ্ধে কালীগঞ্জ থানায় মাদক আইনে মামলা হয়েছে।

মেহেরপুর ডিবি পুলিশের অভিযানে মাদকসহ গ্রেফতার-৩

মেহেরপুর শহরের বাসস্ট্যান্ড এলাকায় অভিযান চালিয়ে মোছাঃ রুপা খাতুন (২৪) নামের এক নারী মাদক ব্যবসায়ীকে আটক করেছে মেহেরপুর জেলা গোয়েন্দা (ডিবি) পুলিশের একটি দল। এঘটনায় রুপার পিতা মোঃ ইউসুফ আলী (৫০) ও মাতা মোছাঃ আছমা খাতুন (৪৫) কেউ আটক করা হয়।

মঙ্গলবার রাতে শহরের বাসস্ট্যান্ড পাড়ায় অভিযান চালিয়ে তাদের আটক করা হয়। এসময় তাদের বাড়ি তল্লাশি করে ২ বোতল ফেন্সিডিল, ৭ বোতল এলকোরেক্স এবং ১ বোতল সিপিডাস কফ্ সিরাপ উদ্ধার করে ডিবি পুলিশ।

ডিবি পুলিশের ওসি জুলফিকার আলী জানান, রুপা একজন মাদক ব্যবসায়ী। সে অন্য জায়গায় বসবাস করলেও তার বাবার বাড়ি থেকে কৌশলে মাদকের ব্যবসা করে। তার বাব-মা তাকে মাদক ব্যবসায় সহযোগীতা করে। সে তার বাবার বাড়িতে মাদক বিক্রির উদেশ্যে অবস্থান করছে এমন গোপন সূত্রে খবর পেয়ে এসআই বিশ্বজিৎ এর নেতৃত্বে সঙ্গীয় এসআই অজয় কুমার কুন্ডু, এসআই মুক্ত রায় চৌধুরী, এসআই হাবিবুর রহমান, এএসআই (নি:) আহসান হাবীব, এএসআই হেলাল উদ্দিন ও নারী পুলিশসহ মেহেরপুর পৌরসভার বাসস্ট্যান্ড পাড়ার ইউসুফ আলীর বাড়িতে অভিযান চালায়।

এসময় তাদের বাড়ি তল্লাশি করে ২ বোতল ফেন্সিডিল, ৭ বোতল এলকোরেক্স এবং ১ বোতল সিপিডাস কফ্ সিরাপ উদ্ধার সহ তাদের আটক করা হয়। যার আনুমানিক বাজার মূল্য ৪০ হাজার টাকা। এ ঘটনায় মামলার প্রস্তুতি চলছে।

গাংনীতে হেরোইন ও ইয়াবাসহ ১১ মামলার আসামী আটক

মেহেরপুরের গাংনী উপজেলার বামুন্দী এলাকায় অভিযান চালিয়ে ইয়াবা,হেরোইন ও হেরোইন বিক্রির টাকাসহ সেন্টু মিয়া (৩৮) নামের এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে মেহেরপুর জেলা গোয়েন্দা (ডিবি) পুলিশের একটি দল।

সোমবার রাতে বামুন্দী এলাকা থেকে তাকে আটক করা হয়। সেন্টু মিয়া বামুন্দী চেরাগী পাড়ার মৃত ছবকুল হোসেন এর ছেলে।

ডিবি সূত্রে জানা গেছে বামুন্দী এলাকায় হেরোইন ও ইয়াবা বিক্রির উদেশ্যে সেন্টু মিয়া অবস্থান করছে এমন খবর পেয়ে মেহেরপুর ডিবি পুলিশের এসআই হাবিবুর রহমানের নেতৃত্বে এসআই রুবেল আহমেদ এএসআই আহসান হাবীবসহ সঙ্গীয় ফোর্স নিয়ে অভিযান চালায়।

এসময় সেন্টু মিয়াকে আটক করার পর তার কাছ থেকে ৬ পিস ইয়াবা, ৩ গ্রাম হেরোইন ও হেরোইন বিক্রির ৯’শ টাকা উদ্ধার করা হয়।

এ ঘটনায় তার বিরুদ্ধে গাংনী থানায় নিয়মিত মামলা রুজু করা হয়েছে। তার বিরুদ্ধে আরও ১১টি মাদকের মামলা বিচারাধীন আছে।

চুয়াডাঙ্গায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অভিযান আটক -১

চুয়াডাঙ্গা আলমডাঙ্গায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর অভিযান পরিচালনা করে লাল্টু মিয়া নামের এক মাদক ব্যাবসায়ীকে আটক করেছে।

সোমবার বেলা সাড়ে চারটার সময় আলমডাঙ্গা উপজেলার গোবিন্দপুর গ্রামে তার নিজ বাড়িতে অভিযান চালিয়ে ১শ’ অ্যাম্পুল ভারতীয় বুপ্রেনরফাইন ইনজেকশনসহ তাকে আটক করে। আটককৃত লাল্টু মিয়া (৪১) আলমডাঙ্গা উপজেলার গোবিন্দপুর ঈদগাহ পাড়ার রুহুল আমিনের ছেলে।

চুয়াডাঙ্গা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারী পরিচালক শরিয়তউল্লাহর নেতৃত্বে সোমবার বেলা সাড়ে ৪ টার দিকে গোপণ সংবাদের ভিত্তিতে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিদর্শক আব্দুল্লাহ আল মানুন, উপপরিদর্শক আবুল কালাম আজাদসহ সঙ্গীয় ফোর্স লাল্টুর বাড়িতে অভিযান চালিয়ে তাকে আটক করে। আটককৃত লাল্টুর শিকারোক্তিতে তার ঘরে তল্লাশি চালিয়ে টেবিলের ড্রয়ারে রাখা ১শ’ অ্যাম্পুল ভারতীয় বুপ্রেনরফাইন ইনজেকশন উদ্ধার করা হয়।

আটককৃত লাল্টুকে মামলাসহ আলমডাঙ্গা থানায় সোপর্দ করা হয়েছে। চুয়াডাঙ্গা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারী পরিচালক মো. শরিয়তউল্লাহ জানান, আটককৃত লাল্টু এলাকার একজন চিহ্নিত মাদক ব্যাবসায়ী। তার বিরুদ্ধে একাধিক মাদক মামলা আছে।

মেহেরপুরে হেরোইনসহ আটক-১

মেহেরপুর পৌর শহরের চুলকানির মোড়ে অভিযান চালিয়ে হেরোইন ও হেরোইন বিক্রির টাকাসহ আজিজুল ইসলাম ওরফে রুমি (৪২) নামের এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে মেহেরপুর জেলা গোয়েন্দা (ডিবি) পুলিশের একটি দল।

গতকাল রবিবার সন্ধ্যায় শহরের নতুনপাড়ার চুলকানির মোড় এলাকা থেকে তাকে আটক করা হয়। আজিজুল ইসলাম ওরফে রুমি পৌর শহরের শিশুতলা পাড়ার রমজান আলীর ছেলে।

ডিবি সূত্রে জানা গেছে শহরের চুলকানির মোড় এলাকায় হেরোইন বিক্রির উদেশ্যে রুমি অবস্থান করছে এমন খবর পেয়ে মেহেরপুর ডিবি পুলিশের এসআই অজয় কুমার কুন্ডু নেতৃত্বে এএসআই হেলাল উদ্দিনসহ সঙ্গীয় ফোর্স নিয়ে অভিযান চালায়।

এসময় আজিজুল ইসলাম ওরফে রুমিকে আটক করার পর তার কাছ থেকে ২ গ্রাম হেরোইন ও হেরোইন বিক্রির ৭’শ টাকা উদ্ধার করা হয়।

এ ঘটনায় তার বিরুদ্ধে নিয়মিত মামলা প্রক্রিয়াধীন। তার বিরুদ্ধে আরও দুটি মাদকের মামলা বিচারাধীন আছে।